

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 24-02-2026**  
**Time: 07:35-07:40 PM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Agartala-Kolkata Bus Service :**

ত্রিপুরা সড়ক পরিবহন নিগমের উদ্যোগে আজ থেকেই পুন:রায় আনুষ্ঠানিকভাবে আগরতলা থেকে ঢাকা হয়ে কলকাতা পর্যন্ত যাত্রীবাহী বাস পরিষেবা শুরু হচ্ছে। নিগমের ভারপ্রাপ্ত চেয়ারম্যান সমর রায় জানান, আজ সকাল সাড়ে নয়টায় ত্রিপুরা সড়ক পরিবহন নিগমের যাত্রীবাহী বাস-মৈত্রী আগরতলা থেকে ঢাকা হয়ে কলকাতার উদ্দেশ্যে যাত্রা করবে। তাছাড়া, আজই নিগমের আরও একটি যাত্রীবাহী বাস- মৈত্রী কলকাতা থেকে ঢাকা হয়ে আগরতলা স্থলবন্দরে পৌঁছবে সকাল প্রায় এগারোটা নাগাদ। সেখানে ত্রিপুরা সড়ক পরিবহন নিগমের পক্ষ থেকে কলকাতা ও বাংলাদেশ থেকে আগত যাত্রীদের স্বাগত জানানো হবে।

\*\*\*\*\*

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষা আগামীকাল ২৫ ফেব্রুয়ারি থেকে শুরু হচ্ছে। ২৬ ফেব্রুয়ারি থেকে শুরু হবে মাধ্যমিক পরীক্ষা। পর্ষদ সভাপতি ড. ধনঞ্জয় গণ চৌধুরী এখবর জানিয়েছেন। তিনি জানান, এবছর মাধ্যমিক পরীক্ষায় মোট পরিক্ষার্থীর সংখ্যা ৩২ হাজার ৪ জন। এর মধ্যে মাদ্রাসা আলিম পরিক্ষার্থীর সংখ্যা ১৫৫ জন। এবছর উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা ২৬ হাজার ৪১১জন। এর মধ্যে তৃতীয় লিঙ্গের পরীক্ষার্থী রয়েছেন একজন। মাদ্রাসা ফাজিল পরীক্ষার্থীর সংখ্যা ৮৫ জন। পরীক্ষা সফল ভাবে সম্পন্ন করার জন্য তিনি সবার সহযোগিতা কামনা করেছেন।

##### Byte–Dhananjay Gana Chowdhury#####

\*\*\*\*\*

### **PM Surya Ghar :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, পিএম সূর্যঘর প্রকল্প দেশের পরিচ্ছন্ন শক্তি যাত্রায় একটি প্রশংসনীয় মাইলফলক। কেন্দ্রীয় মন্ত্রী প্রহ্লাদ যোশীর একটি সোশ্যাল মিডিয়া পোস্টের জবাবে শ্রী মোদী এই প্রকল্প থেকে যারা উপকৃত হয়েছেন এবং ছাদের উপর সৌরশক্তিকে গ্রহণ করেছেন তাদের সকলকে অভিনন্দন জানিয়েছেন। শ্রী যোশী উল্লেখ করেন যে, এই প্রকল্পের আওতায় সারা দেশে ত্রিশ লক্ষ পরিবারকে এখন ছাদের উপর সৌরশক্তির মাধ্যমে ক্ষমতায়িত করা হয়েছে। প্রধানমন্ত্রী আরও বলেন, এই প্রকল্পটি শক্তি-সুরক্ষিত, সবুজ এবং ভবিষ্যতের জন্য প্রস্তুত ভারত গড়ে তোলার জন্য সরকারের প্রচেষ্টার একটি অংশ।

\*\*\*\*\*

### **TET-SELECTION :**

রাজ্যে প্রাথমিক ও উচ্চ বুনিয়াদি স্তরে ২০৫৬ জন শিক্ষক নিয়োগের লক্ষ্যে টেট-ওয়ান এবং টেট-টু পরীক্ষায় উত্তীর্ণদের মেধা তালিকা যাচাই প্রক্রিয়া গতকাল থেকে শুরু হয়েছে। সেই লক্ষ্যে টিচার্স রিক্রুটমেন্ট বোর্ড ত্রিপুরার অফিসিয়াল ওয়েবসাইট এর মাধ্যমে অনলাইনে গতকাল বিকেল চারটা থেকে কর্মপ্রার্থীদের আবেদন গ্রহণ শুরু হয়। তা চলবে আগামী ২৬ শে ফেব্রুয়ারি পর্যন্ত।

\*\*\*\*\*

### **CM-Meeting :**

সাক্ষর মহকুমার মনুবনকুলে গতকাল বিজেপি'র উদ্যোগে এক সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেন, রাজ্য সরকার জনজাতিদের সার্বিক উন্নয়নে আন্তরিকভাবে কাজ করছে। তিনি

জনজাতিদের উন্নয়নে রাজ্য সরকারের গৃহিত পদক্ষেপ বিস্তারিত উল্লেখ করেন। সভায় বক্তব্য রাখেন বিধায়ক মাইলাফু মগ, জনজাতি মোর্চার নেতা বিপিন দেববর্মা প্রমুখ।

\*\*\*\*\*

### **BJP-Prosikkhon Maha Abhijan :**

প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য গতকাল গুয়াহাটিতে বিজেপি'র উত্তর-পূর্বাঞ্চলীয় “প্রশিক্ষণ মহাভিযান- ২০২৬” কর্মশালায় অংশগ্রহণ করেন। কর্মশালায় উপস্থিত ছিলেন মৎস্য মন্ত্রী সুধাংশু দাস, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিঙ্কু রায়, অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ, বিধায়ক রামপদ জামাতিয়া ও ভগবান দাস।

\*\*\*\*\*

### **Bikash Debbarma :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, নেশার করাল গ্রাস থেকে যুবসমাজকে ফিরিয়ে আনতে হলে ইতিবাচক পরিবেশ গড়ে তুলতে হবে। খেলাধুলা সেই শক্তিশালী মাধ্যম। যুবসমাজ সুস্থ ও সক্রিয় থাকলে তারাই ভবিষ্যৎ প্রজন্মকে সঠিক পথ দেখাবে। গতকাল তেলিয়ামুড়া কৃষ্ণপুর বিধানসভা কেন্দ্রের তুইকর্মা এডিসি ভিলেজের লিচুবাগান এলাকায় নির্মীয়মাণ মাঠ পরিদর্শনে গিয়ে একথা বলেন তিনি।

\*\*\*\*\*

### **Fish Farmers Workshop :**

মৎস্যজীবীদের পেশাগত মান উন্নয়নের লক্ষ্যে গতকাল মেলাঘরের রুদ্রসাগর উদ্বাস্তু ফিশারম্যান সমবায় সমিতির অফিসে বিজ্ঞান ভিত্তিক মৎস্যচাষের ওপর এক দিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। ন্যাশনাল ব্যুরো অফ ফিস জেনেটিক রিসার্চ, লখনউর উদ্যোগে আয়োজিত এই কর্মশালায় মৎস্যবিজ্ঞানী আদিত্য কুমার মৎস্যচাষীদের বিজ্ঞান ভিত্তিক প্রশিক্ষণ দেন।

\*\*\*\*\*

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে।  
আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে  
পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৯ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*